

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বিশেষ কোটায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা (পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা), উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী, খেলোয়াড় ও পোষ্য) ভর্তিচ্ছু প্রার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর পেলে এবং ইউনিট/বিভাগীয় শর্ত পূরণ করলে তাদেরকে নিম্নবর্ণিত তফসীল অনুযায়ী আবেদন করতে হবে।

তফসীল

- (১) প্রার্থীদেরকে আগামী ২৪-১১-২০১৮ ইং তারিখ থেকে ০২-১২-২০১৮ ইং তারিখের মধ্যে অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় চলতি হিসাব নং ১০৬-এ ৫০০/= (পাঁচশত) টাকা জমা দিয়ে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে। আবেদন ফরম যথাযথভাবে পূরণকরতঃ ০২-১২-২০১৮ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালিন সময়ে) সংশ্লিষ্ট কোটার জন্য গঠিত উপ-কমিটির সদস্য-সচিবের [(১) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার আবেদন জনাব মোঃ শফিকুল ইসলাম, উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা (কক্ষ নং-২২৮, ১ম প্রশাসন ভবন) (২) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), প্রতিবন্ধী কোটার আবেদন জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, উপ-রেজিস্ট্রার (শিক্ষা), একাডেমিক শাখা (কক্ষ নং-২২৬, ১ম প্রশাসন ভবন) (৩) খেলোয়াড় কোটার আবেদন জনাব মোঃ সোহেল, পরিচালক, ক্রীড়া ও শারীরিক শিক্ষা বিভাগ এবং (৪) পোষ্য কোটার আবেদন একাডেমিক শাখায় ২২৬ নং কক্ষে] জমা দিতে হবে।
- (২) আবেদনের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট কোটার সমর্থনে সনদ-এর সত্যায়িত ফটোকপি এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ইউনিট কর্তৃক প্রদত্ত নম্বরপত্রের কপি সংযুক্ত করতে হবে।
- (৩) বিশেষ কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীদের সংশ্লিষ্ট কোটার জন্য গঠিত উপ-কমিটি কর্তৃক নির্বাচনের পর নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ৩১-১২-২০১৮ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালিন সময়ে) ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী ভর্তি হতে হবে।

বিশেষ কোটায় ভর্তির যোগ্যতা ও আসন সংখ্যা সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়ঃ

- (ক) বিশেষ কোটায় মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা (পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা) সরকারী সিদ্ধান্ত অনুযায়ী মোট আসন সংখ্যার ৫%, উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় ১৫ জন, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ) ২ জন, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে ২০ জন, খেলোয়াড় হিসেবে ১০ জন, পোষ্য হিসেবে শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা, স্বামী-স্ত্রী (পোষ্য কোটায় ভর্তির জন্য প্রয়োজন অনুযায়ী সংখ্যা নির্ধারিতব্য) আসন সংখ্যার বাইরে ভর্তি হতে পারবে। বিশেষ কোটায় ভর্তি হতে হলে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিট ও বিভাগীয় শর্ত পূরণ করতে হবে।
- (খ) বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা (পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র কন্যার পুত্র-কন্যা), উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/ নৃ-গোষ্ঠী সম্প্রদায়, হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ), শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি ও খেলোয়াড়) ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর পেলে ও বিভাগীয় শর্ত পূরণ করলে এবং সংশ্লিষ্ট নির্বাচনী কমিটি কর্তৃক নির্বাচিত হলে বিভাগের জন্য সংরক্ষিত আসন সংখ্যার বাইরে ভর্তি হতে পারবে।
- (গ) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পোষ্য (পুত্র-কন্যা) ভর্তির ক্ষেত্রে ন্যূনতম পাশ নম্বর পেলে ও বিভাগীয় শর্ত পূরণ করলে উপাচার্য মহোদয়ের অনুমতিক্রমে বিভাগের জন্য সংরক্ষিত আসন সংখ্যার বাইরে ভর্তি হতে পারবে।
- (ঘ) মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা বিশেষ কোটায় ভর্তি হতে হলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট-এ প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত ইস্যুকৃত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্রসহ আবেদন করতে হবে।
- (ঙ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় বিশেষ কোটায় ভর্তি হতে হলে উপজাতি/ক্ষুদ্র জাতিসত্তা/নৃ-গোষ্ঠী সম্প্রদায় হিসেবে স্বীকৃত গোত্র প্রধান (যেমন-চাকমা রাজা/মং রাজা ইত্যাদি) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসি ফোরাম/জেলা প্রশাসন কর্তৃক কোন উপজাতিভুক্ত তার স্বপক্ষে সনদ আবেদনের সাথে দাখিল করতে হবে।
- (চ) হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ) কোটায় হরিজন-দলীত জনগোষ্ঠী (অন্ত্যজ) সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- (ছ) খেলোয়াড় হিসেবে বিশেষ কোটায় ভর্তি হতে হলে বাংলাদেশ জাতীয় দল ও যে কোন বয়স ভিত্তিক জাতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করেছে এমন প্রার্থী অথবা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বি.কে.এস.পি) হতে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এমন প্রার্থী তাদের সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- (জ) বিশেষ কোটায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদেরকে বিশেষ কোটার আবেদনের জন্য উপরোক্ত অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।
- (ঝ) বিশেষ কোটায় ভর্তির জন্য প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিভাগ/ইউনিটের শর্ত পূরণ করতে হবে।


১৯.১১.১৮

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়